

জবিতে ভিসি ভবনের ফটক আটকিয়ে অবস্থান ছাত্রদল সমর্থিত প্যানেলের

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

বিশেষ বৃত্তির দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের মূল ফটক আটকিয়ে অবস্থান কর্মসূচি পালন করেছে শাখা ছাত্রদল সমর্থিত ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান প্যানেল।

রবিবার (৭ ডিসেম্বর) সকাল ১১টা থেকে প্রশাসনিক ভবনের সামনে এই অবস্থান কর্মসূচি শুরু করেন তাঁরা। এ সময় ভিপি প্রার্থী মো. রাকিবের নেতৃত্বে প্যানেলের অন্য পদপ্রার্থীরা উপস্থিত ছিলেন।

অবস্থান কর্মসূচিতে অংশ নেন জিএস প্রার্থী খাদিজাতুল কোবরা।

তিনি বলেন, ‘অনেক শিক্ষার্থী থাকার জায়গার জন্য সিঁড়ির নিচেও স্থান চাইছে। আমরা অনশন করেছি, লং মার্চ করেছি— সরকারের অনুমোদনও আছে। তারপরও প্রশাসন নানা অজুহাতে এখনো সম্পূরক বা আবাসন বৃদ্ধি দিচ্ছে না। প্রতিবার মিটিংয়ের নামে সময় নষ্ট করে শেষে কিছুই হাতে দেয় না।

তাই জানুয়ারির মধ্যেই প্রতিটি শিক্ষার্থীর ন্যায্য বৃদ্ধি নিশ্চিত করতে আমরা আজ একত্রিত হয়েছি।’

পড়ুন



ক্রিট দ্বীপের উপকূলে নৌকাডুবিতে ১৭
অভিবাসীর মৃত্যু

এজিএস প্রার্থী বি এম আতিকুর রহমান তানজিল বলেন, ‘নভেম্বর শেষে আবাসন ভাতা প্রকাশের কথা থাকলেও ডিসেম্বরের প্রথম সপ্তাহ পার হলেও তালিকা প্রকাশ হয়নি। প্রশাসন জকসুর অজুহাত দিচ্ছে। আমরা পরিস্কারভাবে বলছি—আবাসনভাতা প্রদানই প্রথম অগ্রাধিকার হতে হবে।

জানুয়ারির প্রথম সপ্তাহেই ভাতা শিক্ষার্থীদের হাতে পৌঁছাতে হবে। জকসু গুরুত্বপূর্ণ, তবে আবাসন মৌলিক অধিকার— অজুহাত নয়, দুটো কাজই দ্রুত সম্পন্ন করতে হবে।’

এ সময় প্যানেলের মাশফিক রাইন, অনিক কুমার দাস, সাদিয়া সুলতানা নেলী, অপু মুন্সি, আরিফুল ইসলাম, সুলতান শুভ, রিয়াসাল রাকিব, ইমরান হোসেন ইমন, আজিজুল ইসলাম আকাশ, মাহিদ হাসানসহ অন্যান্য প্রার্থী উপস্থিত ছিলেন।

এর আগে, বৃহস্পতিবার (৫ ডিসেম্বর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের রফিক ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই কর্মসূচির ঘোষণা দেয় ছাত্রদল সমর্থিত ঐক্যবদ্ধ নির্ভীক জবিয়ান প্যানেল।

